**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৩৯/২০১৮-১৯**

**ঢাকা, মঙ্গলবার ২৮ আগস্ট ২০১৮, ১৩ ভাদ্র ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিমসটেক সম্মেলনে যোগ দিতে আগামী বৃহস্পতিবার নেপাল যাচ্ছেন প্রধানমন্ত্রী

২। রোহিঙ্গা গণহত্যা পরিকল্পিত, মিয়ানমার সেনাপ্রধানের বিচার করতে হবে
জাতিসংঘ ফ্যাক্ট ফাইন্ডিং মিশনের প্রতিবেদন
জেনারেল মিনসহ সেনাবাহিনীর ১৮ কর্মকর্তার অ্যাকাউন্ট বন্ধ করল ফেসবুক

৩। সড়কে শৃঙ্খলা আনতে সড়ক পরিবহণ উপদেষ্টা পরিষদের বৈঠকে ১৮ দফা সিদ্ধান্ত গৃহীত

৪। গণমাধ্যমের স্বাধীনতা নিয়ে কোনো প্রশ্ন তোলার সুযোগ নেই : বিবিসিকে তথ্যমন্ত্রী

৫। শ্রীলঙ্কার সঙ্গে এফটিএ'র দ্রুত বাস্তবায়ন চায় বাংলাদেশ
শ্রীলঙ্কার প্রধানমন্ত্রীর সঙ্গে পরিকল্পনামন্ত্রীর সাক্ষাৎ

৬। বঙ্গবন্ধুকে নিয়ে চলচ্চিত্র বানাবেন শ্যাম বেনেগাল : তথ্য প্রতিমন্ত্রী

৭। সাগরে দূষণরোধে সহযোগিতা বাড়াবে বাংলাদেশ-ভারত : দু'দেশের কোস্টগার্ডের বৈঠক অনুষ্ঠিত
কোস্টগার্ডের উন্নয়নে ২১২ কোটি টাকা অনুদান দিচ্ছে জাপান

৮। শ্রদ্ধা-ভালোবাসায় জাতীয় কবি কাজী নজরুলকে স্মরণ

৯। সরকারি হলো আরও পাঁচ কলেজ

১০। বঙ্গোপসাগরে লঘুচাপ : চার সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

চলমান পাতা-২

**১।	বিমসটেক  সম্মেলনে যোগ দিতে আগামী বৃহস্পতিবার নেপাল যাচ্ছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিমসটেক চতুর্থ শীর্ষ সম্মেলনে যোগ দিতে দু'দিনের সরকারি সফরে আগামী ৩০ আগস্ট বৃহস্পতিবার নেপালের রাজধানী কাঠমান্ডু যাচ্ছেন। কাঠমান্ডুর হোটেল সোয়ালটি ক্রাউন প্লাজায় বৃহস্পতিবার সন্ধ্যায় সাতটি আঞ্চলিক দেশের নেতাদের নিয়ে সামিট অভ্ দ্য বে অভ্ বেঙ্গল ইনিশিয়েটিভ ফর মাল্টিসেক্টরাল টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক কোঅপারেশন (বিমসটেক) এর শীর্ষ সম্মেলন শুরু হবে। এর উদ্দেশ্য হচ্ছে, দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক জোরদারের মাধ্যমে সেতুবন্ধ তৈরি করা। আগামী বৃহস্পতিবার সকালে বাংলাদেশ বিমানের একটি ভিভিআইপি ফ্লাইট প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে কাঠমান্ডুর উদ্দেশে উড্ডয়ন করবে।

সফরের প্রথম দিনই প্রধানমন্ত্রী নেপালের রাষ্ট্রপতির বাসভবন শীতল নিবাসে সে দেশের প্রেসিডেন্ট বিদ্যা দেবী ভাণ্ডারির সঙ্গে সাক্ষাৎ করবেন। সেখানে নেপালের প্রেসিডেন্টের দেওয়া মধ্যাহ্নভোজেও অংশ নেবেন প্রধানমন্ত্রী। বিকেলে প্রধানমন্ত্রী বিমসটেক শীর্ষ সম্মেলনের উদ্বোধনী পর্বে যোগ দিবেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৮)।

**২।	রোহিঙ্গা গণহত্যা পরিকল্পিত, মিয়ানমার সেনাপ্রধানের বিচার করতে হবে**
**জাতিসংঘ ফ্যাক্ট ফাইন্ডিং মিশনের প্রতিবেদন**
**জেনারেল মিনসহ সেনাবাহিনীর ১৮ কর্মকর্তার অ্যাকাউন্ট বন্ধ করল ফেসবুক**

মিয়ানমার সেনাবাহিনী গণহত্যার অভিপ্রায় থেকেই রাখাইনে রোহিঙ্গাদের নির্বিচার হত্যা ও ধর্ষণের মতো ঘটনা ঘটিয়েছে বলে মনে করেন জাতিসংঘ গঠিত স্বাধীন আন্তর্জাতিক ফ্যাক্ট ফাইন্ডিং মিশনের তদন্তকারীরা। এজন্য তারা দেশটির সেনাপ্রধান জেনারেল মিন অং হ্লায়িংসহ বাহিনীর পাঁচ জেনারেলকে দোষী সাব্যস্ত করে আন্তর্জাতিক আদালতে বিচারের মুখোমুখি করার আহ্বান জানিয়েছেন। গতকাল (২৭ আগস্ট সোমবার) সুইজারল্যান্ডের জেনেভায় সংবাদ সম্মেলনে আন্তর্জাতিক ফ্যাক্ট ফাইন্ডিং মিশনের চেয়ারপারসন মারজুকি দারুসমান, সদস্য ক্রিস্টোফার সিদোতি এবং রাধিকা কুমারাস্বামী তাঁদের তদন্ত প্রতিবেদন নিয়ে কথা বলেন।

এদিকে, মিয়ানমারের সেনাপ্রধান জেনারেল মিন অং হ্লায়িংসহ সেনাবাহিনীর উচ্চপদস্থ ১৮ কর্মকর্তার অ্যাকাউন্ট মুছে ফেলেছে সোশ্যাল মিডিয়া জায়ান্ট ফেসবুক। একইসঙ্গে মিয়ানমার সেনাবাহিনীসংশ্লিষ্ট ৫২টি পেজ ও একটি ইনস্টাগ্রাম অ্যাকাউন্টও মুছে ফেলা হয়েছে। গতকাল মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের ওপর সেনাবাহিনীর চালানো গণহত্যা, ধর্ষণ, নির্যাতন নিয়ে জাতিসংঘ গঠিত আন্তর্জাতিক ফ্যাক্ট ফাইন্ডিং মিশনের প্রতিবেদন প্রকাশের পর ফেসবুক এ ব্যবস্থা নিল। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.১), (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩।	সড়কে শৃঙ্খলা আনতে সড়ক পরিবহণ উপদেষ্টা পরিষদের বৈঠকে ১৮ দফা সিদ্ধান্ত গৃহীত**

সড়ক পরিবহণ উপদেষ্টা পরিষদের ৪২তম বৈঠকে আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে রাজধানীতে চলাচলকারী সব বাসে রঙ করাসহ সৌন্দর্যবর্ধন এবং ১৮ দফা সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গতকাল (২৭ আগস্ট সোমবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সভাপতিত্বে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জাতীয় সড়ক ও মহাসড়কে নসিমন-করিমন, ভটভটি, ইজিবাইক, ব্যাটারিচালিত রিকশা, লেগুনা চলাচল বন্ধ এবং এসব যানবাহনের খুচরা যন্ত্রাংশ আমদানি নিষিদ্ধ, বাসের সর্বোচ্চ গতিসীমা ৮০ কিলোমিটার নির্ধারণ, বাসের কন্ট্রাক্ট সার্ভিস বন্ধ, গাড়িতে স্টিকার, ফ্ল্যাগ স্ট্যান্ড, মনোগ্রাম, অননুমোদিত বীকন লাইট জ্বালানো বন্ধকরাসহ ১৮ দফা সিদ্ধান্ত গৃহীত হয়। সভাশেষে সেতুমন্ত্রী সাংবাদিকদের জানান, ইতোমধ্যে বিআরটিএ'তে জনবল বৃদ্ধি করা হয়েছে। আগে যেখানে তিনজন ম্যাজিস্ট্রেট দায়িত্ব পালন করতেন বর্তমানে সেখানে নতুন ৮জনসহ **১১** জন দায়িত্ব পালন করবেন। শুক্রবার ছাড়া প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত ৬ দিন বিআরটিএ'র সার্ভিস অব্যাহত থাকবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

**৪।	গণমাধ্যমের স্বাধীনতা নিয়ে কোনো প্রশ্ন তোলার সুযোগ নেই : বিবিসিকে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বিবিসি বাংলাকে বলেছেন, বাংলাদেশে বর্তমানে তিন হাজারের বেশি খবরের কাগজ প্রকাশিত হয় এবং ৪১টি বেসরকারি টিভি চ্যানেলকে লাইসেন্স দেওয়া হয়েছে। এমন প্রেক্ষাপটে গণমাধ্যমের স্বাধীনতা নিয়ে কোনো প্রশ্ন তোলার সুযোগ নেই বলে মনে করেন তথ্যমন্ত্রী। তিনি আরো বলেন, চিত্রগ্রাহক শহিদুল আলম সম্পর্কে আন্তর্জাতিক নামকরা যেসব ব্যক্তি বিবৃতি দিয়েছেন, তাঁরা বাংলাদেশের বাস্তবতা সম্পর্কে সঠিকভাবে

অবহিত নন। শহিদুল আলম তিনবার প্রকাশ্যে টেলিভিশনে এসে এবং ফেসবুকে লাইভে এসে মিথ্যা তথ্য দিয়ে উস্কানি দিয়েছেন এবং উত্তেজনাকর কথাবার্তা বলেছেন, যা দেশের আইনের পরিপন্থী। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১)।

**৫। শ্রীলঙ্কার সঙ্গে এফটিএ'র দ্রুত বাস্তবায়ন চায় বাংলাদেশ**
**শ্রীলঙ্কার প্রধানমন্ত্রীর সঙ্গে পরিকল্পনামন্ত্রীর সাক্ষাৎ**

দক্ষিণ এশিয়ার দেশ শ্রীলঙ্কার সঙ্গে দ্বিপাক্ষিক মুক্তবাণিজ্য চুক্তি বা এফটিএ দ্রুত বাস্তবায়ন করতে দেশটির প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ। একইসঙ্গে গত তিন বছর ধরে ঝুলে থাকা উপকূলীয় জাহাজ চলাচল চুক্তি দ্রুত সমাধানের ইস্যুটিও আলোচনায় এসেছে। গতকাল (২৭ আগস্ট সোমবার) ভিয়েতনামের হ্যানয়ে দুই দিনব্যাপী ভারত মহাসাগর সম্মেলনের প্রাক্কালে দেশটির প্রধানমন্ত্রী রানিল বিক্রমাসিংহের সঙ্গে এক বৈঠকে এ আহ্বান জানান পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। বৈঠককালে শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী এ দু'টি চুক্তি সহজতর করতে তাঁর সরকার উদ্যোগ নেবে বলে আশ্বস্ত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**৬। বঙ্গবন্ধুকে নিয়ে চলচ্চিত্র বানাবেন শ্যাম বেনেগাল : তথ্য প্রতিমন্ত্রী**

তথ্য প্রতিমন্ত্রী এডভোকেট তারানা হালিম জানিয়েছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীভিত্তিক বাংলা ভাষায় চলচ্চিত্র নির্মাণের দায়িত্ব পাচ্ছেন ভারতের পরিচালক শ্যাম বেনেগাল। বাংলাদেশ ও ভারতের মধ্যে চুক্তি অনুযায়ী এ চলচ্চিত্র পরিচালনায় বাংলাদেশের তিন সদস্যের একটি বিশেষজ্ঞ প্যানেল তাঁকে সহযোগিতা করবে। পাণ্ডুলিপি তৈরির পর বঙ্গবন্ধুর পরিবারের সদস্যদের দেখিয়ে মূল কাজ শুরু হবে। গতকাল (২৭ আগস্ট সোমবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ে নিজ দপ্তরে প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের এসব তথ্য জানান তথ্য প্রতিমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮),**নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১২,ক.৪)।

**৭। সাগরে দূষণরোধে সহযোগিতা বাড়াবে বাংলাদেশ-ভারত : দু'দেশের কোস্টগার্ডের বৈঠক অনুষ্ঠিত**
**কোস্টগার্ডের উন্নয়নে ২১২ কোটি টাকা অনুদান দিচ্ছে জাপান**

সাগরে পরিবেশ দূষণরোধে পারস্পরিক সহযোগিতা বাড়াতে ঐকমত্যে পৌঁছেছে বাংলাদেশ ও ভারত। গতকাল (২৭ আগস্ট সোমবার) বাংলাদেশ কোস্টগার্ডের মহাপরিচালক রিয়ার অ্যাডমিরাল আওরঙ্গজেব চৌধুরীর সঙ্গে ভারতের কোস্টগার্ডের মহাপরিচালক রাজেন্দ্র সিংয়ের দ্বিপক্ষীয় আলোচনাশেষে এ ঐকমত্য হয়। নয়াদিল্লিতে ভারতীয় কোস্টগার্ড সদরদপ্তরে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

এদিকে, উপকূলীয় অঞ্চলের নিরাপত্তা জোরদার করতে বাংলাদেশ কোস্টগার্ডকে সহায়তা দিচ্ছে জাপান। ২৪টি উদ্ধারকারী বোট এবং যন্ত্রপাতি কিনতে ২১১ কোটি ৭৪ লাখ টাকা অনুদান দেবে দেশটি। জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) মাধ্যমে এ সহায়তা দেওয়া হবে। গতকাল (২৭ আগস্ট সোমবার) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে এ সংক্রান্ত একটি বিনিময় নোট ও অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **সংবাদ** (পৃ.১৫,ক.৭), **যুগান্তর** (পৃ.১৫,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**৮। শ্রদ্ধা-ভালোবাসায় জাতীয় কবি কাজী নজরুলকে স্মরণ**

শোষিত-নিপীড়িত মানুষের বঞ্চনার ক্ষোভ দীপ্ত শিখার মতো জ্বলে উঠেছিল তাঁর কণ্ঠে। সোচ্চার ছিলেন সাম্প্রদায়িকতার বিরুদ্ধে। আবার তিনিই ছিলেন কোমল হৃদয়ের। তিনি আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম। গতকাল (২৭ আগস্ট সোমবার) ১২ ভাদ্র ছিল তাঁর ৪২তম মৃত্যুবার্ষিকী। এ দিনে তাঁকে শ্রদ্ধা ও ভালোবাসায় স্মরণ করেছে জাতি। ফুলে ফুলে ঢেকে গেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পাশে কবির সমাধি। এদিকে, নজরুলসংগীতে বিশেষ অবদান রাখার জন্য শিল্পী খায়রুল আনাম শাকিল এবং নজরুলসংগীত গবেষণায় অধ্যাপক রশিদুন নবী নজরুল ইনস্টিটিউট প্রবর্তিত 'নজরুল পুরস্কার ২০১৭' পেয়েছেন । জাতীয় জাদুঘরের সুফিয়া কামাল মিলনায়তনে নজরুল ইনস্টিটিউট আয়োজিত অনুষ্ঠানে তাঁদের হাতে এ পুরস্কার তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.১)।

**৯। সরকারি হলো আরও পাঁচ কলেজ**

নতুন করে আরও পাঁচটি বেসরকারি কলেজকে সরকারি করা হয়েছে। গতকাল (২৭ আগস্ট সোমবার) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৪)।

**১০। বঙ্গোপসাগরে লঘুচাপ : চার সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত**

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের কারণে চট্টগ্রাম বন্দরসহ চার সমুদ্রবন্দরে তিন নম্বর সতর্ক সংকেত জারি করেছে আবহাওয়া অফিস। উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় লঘুচাপ সৃষ্টি হয়েছে। এটি আরও ঘণীভূত হয়ে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় অবস্থান করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। এসব এলাকায় ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। উত্তর বঙ্গোপসাগরে থাকা মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সাবধানে চলাচল করতে এবং সেইসঙ্গে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের এক প্রতিবেদনে ২৫ শতাংশ গার্মেন্টসে এখনও অবকাঠামোগত নিরাপত্তার ঝুঁকি থাকার বিষয় তুলে ধরে গার্মেন্টস কারখানায় নিরাপত্তার উন্নয়নে 'সেফটি ফার্স্ট' নীতির বাস্তবায়ন জরুরি বলে অভিমত।

**খ.** **সংবাদ :** কক্সবাজারে উখিয়া ও টেকনাফের রোহিঙ্গা শিবিরগুলোতে এইডস সংক্রমণের প্রকোপ চিহ্নিত হওয়ায় কালবিলম্ব না করে এইডসের প্রকোপ ছড়িয়ে পড়ার আগেই ব্যবস্থা নেওয়ার সুপারিশ ।

**গ.** **প্রথম আলো, বণিক বার্তা :** দেশে পাঁচটি নতুন মেডিকেল কলেজ প্রতিষ্ঠার সরকারি উদ্যোগকে স্বাগত জানিয়ে মানসম্পন্ন শিক্ষার নিশ্চয়তা বিধানের আহ্বান।

**ঘ.** **জনকণ্ঠ :** জনপ্রশাসন সম্পর্কিত সংসদীয় কমিটি চাকরিতে প্রবেশ ও প্রস্থানের বয়স বাড়ানোর যে প্রস্তাব করেছে তাকে ইতিবাচক বলে অভিমত।

**ঙ.** **সমকাল :** গ্রামে আধুনিক ফ্ল্যাটের মাধ্যমে পরিকল্পিত আবাসন গড়ে তোলার উদ্দেশ্যে পল্লী জনপদ প্রকল্পটির কাজ দ্রুত বাস্তবায়নের সুপারিশ।

**চ.** **যুগান্তর :** প্রাথমিকের পাঠ্যবই মুদ্রণকাজ পিছিয়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে শিক্ষার্থীদের হাতে সময়মতো মানসম্মত বই পৌঁছাতে কর্তৃপক্ষকে যথাযথ পদক্ষেপ গ্রহণের আহ্বান।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** দেশব্যাপী সরকারি কলেজে তিনহাজার শিক্ষকের পদ খালি থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় অনতিবিলম্বে স্পেশাল বিসিএসের মাধ্যমে প্রয়োজনীয় শিক্ষক নিয়োগের ব্যবস্থা করার সুপারিশ।

**জ.** **ডেইলি সান :** শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র -শিক্ষক অনুপাতে বিরাট ব্যবধান থাকায় গুণগত মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণে পর্যাপ্ত শিক্ষক নিয়োগের দ্বারা এ অনুপাত কমানোর ওপর গুরুত্বারোপ।

**ঝ.** **ডেইলি স্টার :** নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও তিন চাকার যানবাহন ও অবৈধ যানবাহন সড়ক-মহাসড়কে চলাচলের বিষয় তুলে ধরে সড়ক নিরাপত্তায় সরকারকে দ্রুত এ ব্যাপারে পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ঞ.** **নিউ নেশন :** স্থানীয় পর্যায়ে উৎপাদিত গবাদি পশুর উৎপাদন উৎসাহিত করতে সরকারি পর্যায়ে দীর্ঘমেয়াদি নীতি প্রণয়নের ব্যবস্থা করার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, খেলাপি ঋণের পরিমাণ একেবারে কমিয়ে আনার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এতে সবখাতে কর্মসংস্থান বৃদ্ধি পাবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুশ্রম আধুনিক সভ্যতার এক অভিশাপ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সবাই নিজ নিজ অবস্থান থেকে সচেতন হলে ও শিশুদের জন্য মৌলিক অধিকার নিশ্চিত করা গেলে শিশুশ্রম থেকে মুক্ত হয়ে শিশুরা তাদের সোনালি শৈশব ফিরে পাবে।

#

ফাহিমা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা